98. Ar-Rashid (اَلرَّشِيْدُ) আর রশীদু-(সুপথনিদের্শক) The Righteous Teacher
99. As-Sabur (اَلصَّبُوْرُ) আছ ছবুরু-(ধৈর্যশীল) The Patient One

বাংলা কথোপকথনে বহুল প্রচলিত ৭৫টি প্রাচীন প্রবাদ ও প্রবচন (অর্থসহ)

১. বিড়ালের ভাগ্য শিকা ছেঁড়া- ভাগ্যক্রমে প্রত্যাশিত সুযোগ লাভ।
২. বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা- আসল ঝুঁকি নেওয়া।
৩. বুড়ো শালিকের ঘাড়ে রোঁ- বৃদ্ধ বয়সে শিশু বা যুবকের মতো আচরণ করা।
৪. বুকে ঢেঁকির পাড় পড়া- তীব্র আতঙ্কে প্রবল বেগে হৃদপিন্ডের স্পন্দন হওয়া।
৫. বুক দশ হাত হওয়া- আনন্দিত হওয়া বা অহঙ্কৃত হওয়া।
৬. বুকে পিঠ করে মানুষ করা- অত্যন্ত আদর যত্ন করে পালন করা।
৭. বুকে বসে দাড়ি উপড়ানো- আশ্রয়দাতা বা প্রতিপালকের অনিষ্ট সাধন করা।
৮. বুদ্ধির গোঁড়ায় ধোঁয়া দেওয়া- চিন্তা করতে বসা।
৯. মাথার উপরে শকুন উড়া- অতিশয় বিপদ সন্নিকটে।
১০. মাথার ঘায়ে কুকুর পাগল-বিষম বিপদে পড়ে পাগল হওয়া।
১১. ঘাড়ে দুইটি মাথা থাকা-দুঃসাহসী।
১২. ঢেঁকির শব্দ বড়-ভিতরে যার কিছুই নেই তার বাজে বেশি।
১৩. বামন গেল ঘর তো লাঙ্গল তুলে ধর-কর্মচারীদের উপর দৃষ্টি না রাখলে তারা কাজ করে না।
১৪. বামন শুদ্দুর তফাৎ- আকাশ পাতাল পার্থক্য।
১৫. বামনের গরু- যে ব্যক্তি বা বস্তুর নিকট অল্প ব্যয়ে প্রচুর কাজ পাওয়া যায়।
১৬. বাবু বাছা করা-পুত্রবৎ সস্নেহে বাক্য বলা।
১৭. বাবু বাছা বলা-স্নেহ ও আদর করা।
১৮. কূলে রাখা কি শ্যাম রাখা-উভয় সঙ্কটে পড়া।
১৯. বাতাসের সঙ্গে লড়াই করা- বিনা কারণে ঝগড়া করা।
২০. হাড় ভাজা ভাজা হওয়া-জ্বালাতন হওয়া।
২১. গাছে তুলে দিয়ে মই কেড়ে নেওয়া-উৎসাহ দিয়ে কর্মে প্রবৃত্ত করে অসহায় অবস্থায় সরে দাঁড়ানো।
২২. পাকা ধানে মই দেওয়া-লাভের মুখেসমূহ ক্ষতি করা।
২৩. মাথা ঠোকাঠুকি হওয়া-অপ্রত্যাশিতভাবে দেখা দেওয়া।
২৪. মুখ শুকিয়ে আমসি হওয়া-ভয় ব্যাধি উদ্বেগ ইত্যাদি হেতু মুখের রুগ্ন অবস্থা।
২৫. যাহা বাহান্ন তাহাই তিপ্পান্ন-একটু ক্ষতির ভয়ে পশ্চাৎপদ না হওয়া।
২৬. গদাই লস্করই চাল-অতি-মন্থর গতি।
২৭. লেজে গোবরে ল্যাজে গোবরে-অক্ষমতার জন্য বিপর্যস্ত অবস্থায় উপনীত।
২৮. শিব গড়তে বাঁদর গড়া-খুব ভালো কিছু করতে গিয়ে খারাপ কিছু করা।
২৯. সব শিয়ালেরা এক বা- সমদলভুক্ত সকল ব্যক্তির একই রকম মত।
৩০. শুঁড়ির সাক্ষী মাতাল-অসৎ ব্যক্তিকে অসৎ ব্যক্তি সমর্থন করে।
৩১. শুকনো কথায় চিড়ে ভিজানো-শুধু মুখের কথায় কাজ হয় না।
৩২. শুকরের পাল ধোয়ানো-অনভীপ্সিত ও গুণহীন প্রচুর সন্তান।
৩৩. ষাঁড়ের গোবর ষাঁড়ের নাদ-অকর্মণ্য লোক, ষাঁড়ের গোবর যেমন হিন্দু ধর্মের ধর্মকার্যে ব্যবহার করা হয় না।
৩৪. গোকুলের ষাঁড়- বৃন্দাবনের মুক্ত ষাঁড়ের মত স্বেচ্ছা-বিহারী দায়িত্বহীন ব্যক্তি।
৩৫. ষোল আনা বাজিয়ে নেওয়া-সর্বদিক থেকে বিচার করে নেওয়া।
৩৬. অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট-বহু কর্তায় অত্যন্ত বিশৃঙ্খলা সৃষ্টি করা।
৩৭. গণ্ডূষ জলে সফরীর ফরফরানি-অতি অল্প পানিতে পুঁটি মাছের ফর ফর করে ঘোরা।

৩৮. ধরাকে সরা জ্ঞান করা- মৃৎপাত্র বা সরার ন্যায় ক্ষুদ্র ও তুচ্ছ মনে করা।
৩৯. সস্তার কিস্তি মাত-পরিশ্রমে কোন বিষয়ে সাফল্য লাভ।
৪০. সাত চড়ে রা করে না/ বেরোয় না- সমস্ত অত্যাচার মুখ বুঝে সহ্য করে।
৪১. সাত নকলে আসল খাস্তা-বার বার নকল করতে করতে সূচনার যার নকল করা হয়েছে তা বিকৃত হওয়া।
৪২. সাত পুরুষে না শোনা- বংশানুক্রমে না শুনা।
৪৩. সাতেও নেই পাঁচেও নেই-সংশ্রবশূণ্য।
৪৪. সাপটা ধরে কেনা-একদামে সমস্ত জিনিস কেনা।
৪৫. সাপের হাঁচি বেদেয় চিনে-অভিজ্ঞ লোকের লক্ষণ দেখে চিনতে ভুল করে না।
৪৬. সাপের হাঁড়ি-অতিশয় কোপনস্বভাবা নারী।
৪৭. সোনার কাঠি রুপোর কাঠি-জীবনকাঠি ও মরণকাঠি।
৪৮. সোনার দোয়াত কলম হওয়া-বিদ্বান ও বিত্তবান হওয়া।
৪৯. স্বভাব যায় না মলে ইল্লত যায় না ধুলে- পানি দ্বারা ধুলে ও নোংরামি দূর করা যেরূপ অসম্ভব।
৫০. ইস্তক জুতা সেলাই নাগাদ চণ্ডী পাঠ- সংসারের ছোট বড় সবধরনের কাজ।
৫১. ভোজনং যত্র তত্র শয়নং হট্টমন্দিরে-যেখানে সেখানে আহার এবং হাটের চলার নিচে নিদ্রা।
৫২. হাটের দুয়ারে কপাট-অসম্ভব ব্যাপার।
৫৩. হাড়ে বাতাস লাগা-স্বস্তি-বোধ করা।
৫৪. হাড়ে দূর্বা গজানো-বিপুল প্রতীক্ষা।
৫৫. হাতে পাঁজি মঙ্গলবার-মীমাংসার নির্ভরযোগ্য উপায় থাকতে তর্ক বিতর্ক করা।
৫৬. হাতির ভোগ মুখে দূর্বা ঘাস-যেখানে প্রভূত ভোজের প্রয়োজন সেখানে অল্প খাদ্যর আয়োজন।
৫৭. অন্ধের নড়ি, অন্ধের যষ্টি-অসহায়ের সহায়।
৫৮. বজ্র আঁটুনি ফসকা গোড়া-কাজের আয়োজনের সময় খুব কড়াকড়ি কিন্তু কাজের সময় শিথিলতা।
৫৯. আঁত পাওয়া বার- মনের অভিপ্রায় জানা মুশকিল।
৬০. আধার ঘরের বাতি-আঁধার ঘরের মানিক।
৬১. আঁতুড়ে খোকা আঁতুড়ে ছেলে- সদ্যজাত শিশু।
৬২. এঁড়ে তেল দেওয়া-চাটুবাক্য তোষামোদ করা।
৬৩. এক গ্লাসের ইয়ার এক সানকির ইয়ার-অন্তরঙ্গ বন্ধু।
৬৪. কড়ি গোনা, কড়ি কাঠ গোনা-বেকার অবস্থা যাপন।
৬৫. ঘোড়া ডিঙ্গিয়ে ঘাস খাওয়া-মুরব্বিকে অতিক্রম বা অগাহ্য করে কার্যোদ্ধায়ের চেষ্টা করা।
৬৬. ঘোড়া দেখে খোঁড়া হওয়া-কাজ করার লোক দেখে আলস্য দেখানো।
৬৭. ঘোড়ায় জিন দিয়ে আসা-অত্যন্ত ব্যতিব্যস্ত ভাব, তিলেক বিলম্বে অস্থিরতার ভাব।
৬৮. চোদ্দ চাকার রথ দেখানো-মুশকিলে ফেলা।
৬৯. চোর কুঠরি, চোর কুঠুরি-ঘরের ভিতরের ছোট গুপ্ত ঘর।
৭০. চোর মরে, সাত ঘর মজায়ে-চোর ধরা পড়লে অনেক মকদ্দমায় জড়ায়।
৭১. বাড়িতে ছুঁচোর কেত্তন, বাইরে কোঁচার পত্তন-বাড়িতে চরম দরিদ্র অবস্থা বাইরে বড়লোকি প্রদর্শন।
৭২. ছুঁচোর মেরে হাত গন্ধ করা- তুচ্ছ ব্যক্তিকে শাস্তি দিয়ে অখ্যাতি লাভ করা।
৭৩. ধারে কাটা আর ভারে কাটা-স্বাভাবিক ক্ষমতায় কাজ করা।
৭৪. যার ধন তার নয়, নেপোয় মারে দই-পরিশ্রমী ব্যক্তিকে বঞ্চনা করে ধূর্ত লোকের ফল প্রাপ্তি।
৭৫. আপনা মাংসে হরিনা বৈরি-, হরিণের শত্রু তার মাংস।

ওয়ারেন বাফেট এর ১৬টি অসাধারণ উক্তি (ব্যাখ্যাসহ)

একবার হলেও পড়া উচিত

বিশ্বের শীর্ষ ধনী ব্যক্তিদের মধ্যে একজন হলেন ওয়ারেন বাফেট। ওয়ারেন বাফেট এর কিছু অসাধারণ উক্তি আছে যা মানুষ এ উন্নতির চরম শিখরে নিয়ে যেতে পারে। তার বিখ্যাত ও মূল্যবান বাণী বা উক্তিগুলো নিচে তুলে ধরা হলো-

❑ **উপার্জনঃ** কখনো একটি উৎসের উপর নির্ভর করবেন না। আয়ের অনেকগুলো উৎস রাখুন। বিনিয়োগের মাধ্যমে আরেকটি উৎস তৈরি করুন ।

❑ **খরচঃ** ব্যয় করার পর যা রয়ে যায় তা না বাচিয়ে বরং টাকা বাচানোর পর অবশিষ্ট অংশ ব্যয় করুন।

❑ **সঞ্চয়ঃ** খরচের পর যা অবশিষ্ট থাকে তা সঞ্চয় না করে বরং সঞ্চয়ের পর যা অবশিষ্ট থাকে তা খরচ করুন।

❑ **ঝুঁকিঃ** আপনার উভয় পা ডুবিয়ে দিয়ে কখনও নদীর গভীরতা মাপবেন না। অর্থাৎ কখনো দুই পায়ে নদীর মধ্যে নামবেন না একটি পা ডাঙায় রেখে আরেকটি দিয়ে গভীরতা মাপুন (যখন ঝুঁকি নেবেন তার আগে থেকেই বিকল্প প্রস্তুত রাখুন)।

❑ **বিনিয়োগঃ** কখনো আপনার সব ডিম (সব বিনিয়োগ) এক ঝুড়িতে রাখবেন না (এক খাতে করবেন না) বরং অল্প অল্প করে অনেক খাতে বিনিয়োগ করুন।

❑ **প্রত্যাশাঃ** সততা খুবই দামী একটা উপহার। তা কখনই সস্তা লোকদের নিকট থেকে আশা করবেন না।

❑ **জিনিস কেনাঃ** অপ্রয়োজনীয় জিনিস কেনা বন্ধ না করলে এক সময় দেখবেন প্রয়োজনীয় জিনিস কেনার জন্য আপনার কাছে পর্যাপ্ত টাকা নেই। অর্থাৎ আপনার যা প্রয়োজন নেই তা যদি আপনি ক্রয় করেন, তবে শীঘ্রই আপনার যা প্রয়োজন তা আপনাকে বিক্রি করতে হবে।

❑ আপনি সারা জীবনে খুবই অল্প সংখ্যক ঠিক কাজ করতে পারবেন। কাজেই বেশি পরিমাণে ভুল কাজ করবেন না।

❑ **শর্ত নম্বর ১ :** কখনই আর্থিক লোকসান করবেন না। শর্ত নম্বর ২ : কখনই শর্ত নম্বর ১ ভুলবেন না।

❑ নিজেকে গর্তের মধ্যে খুঁজে পেলে গর্ত খোঁড়া বন্ধ করাই গুরুত্বপূর্ণ কাজ।

❑ আপনি কী করছেন তা না জানা থেকেই ঝুঁকির আগমন ঘটে।

❑ আজ কেউ ছায়ায় বসে আছে কারণ অনেক আগে কেউ গাছটি লাগিয়েছিলেন।

❑ সাত ফুট উঁচু কাঠির উপর দিয়ে আমি লাফ না মেরে এক ফুট উচ্চতার কাঠি পেরুতে চাই- যা আমি খুব সহজেই হেঁটে পার হতে পারি।

শিক্ষা বিষয়ে ঐতিহাসিক ও বিখ্যাত উক্তি.....

১. একজন শিক্ষক সামগ্রিকভাবে প্রভাব ফেলে, কেউ বলতে পারে না তার প্রভাব কোথায় গিয়ে শেষ হয়।- হেনরি এডামস

২. মাঝারি মানের শিক্ষক বলেন, ভাল শিক্ষক বুঝিয়ে দেন, শ্রেষ্ঠ শিক্ষক করে দেখান, মহান শিক্ষক অনুপ্রাণিত করেন।- উইলিয়াম আর্থার ওয়ার্ড

৩. স্কুল জীবনের প্রস্তুতির জন্যে তৈরি হওয়া উচিত নয়। স্কুলই জীবন হওয়া উচিত।- এলবার্ট হাবার্ড

৪. ভাবনার জগতের সাথে একাত্ম হওয়া- এটাই হলো শিক্ষা।- এডিথ হেমিলটন

৫. শিক্ষা হলো সভ্যতার রূপায়ন।- উইল এণ্ড এরিয়াল ডুরান্ট

৬. মৃত্যু না হওয়া পর্যন্ত মানুষের শিক্ষা সমাপ্ত হয় না।- রবার্ট ই লি

৭. মানুষের সুখী হওয়ার জন্যে সবচেয়ে বেশি দরকার বুদ্ধির- এবং শিক্ষার মাধ্যমে এর বৃদ্ধি ঘটানো সম্ভব।- বার্ট্রাণ্ড রাসেল

৮. শেখাতে গেলেই শেখা হয়।- জাপানী প্রবাদ

৯. আমি শুনলাম এবং ভুলে গেলাম, আমি দেখলাম এবং মনে রাখলাম, আমি করলাম আর বুঝতেও পারলাম।- চীনা প্রবাদ

১০. আমরা অজ্ঞ থাকবো বলে বদ্ধপরিকর ছিলাম আর আমাদের শিক্ষকরা আমাদের মন পাল্টানোর চেষ্টা করে যাচ্ছিলো।- এলান ব্রায়েন

১১. শিক্ষার প্রথম কাজ হলো কৌতুহলের শিকে ছেঁড়া।- আইভরি ব্রাউন

১২. আপনি একদিনের জন্য একটা ছাত্রকে একটা পড়া পড়াতে পারেন; কিন্তু যদি তাকে আপনি কৌতুহলী হতে শেখান সে যতোদিন বাঁচবে শিক্ষা চালিয়েই যাবে।- ক্লে পি. বেডফোর্ড

৫০টি লাইফ চেইঞ্জ বাণী বা উক্তি যা আপনার জীবনের চিন্তাভাবনাকে বদলে দিতে পারে...!!

যার কথার চেয়ে কাজের পরিমাণ বেশী, সাফল্য তার কাছেই এসে ধরা দেয়। কারণ, যে নদী যত গভীর তার বয়ে যাওয়ার শব্দ তত কম।

- একজন জ্ঞানী জানেন যে তিনি কী জানেন না। আর একজন মূর্খ নিজেকে সবসময় সবজান্তা মনে করে।
- আজ পর্যন্ত কোন ভিক্ষুক দাতা বা স্বাবলম্বী হতে পারে নি। যে হাত নিতে অভ্যস্ত সে হাত কখনো দিতে পারে না।
- আমরা খ্যাতিমান হতে চাই। কিন্তু খ্যাতির জন্যে নীরব সাধনা ও প্রয়োজনীয় কষ্ট স্বীকার করি না। ফলে সাধনাও হয় না, খ্যাতির শীর্ষেও পৌঁছতে পারি না।
- ব্যক্তিগত খেয়াল বা আবেগ আর জীবনের লক্ষ্যকে এক করে ফেলবেন না। লক্ষ্যকে যখন সর্বোচ্চ গুরুত্ব দেবেন তখন তা আপনাকে আবেগের উর্ধ্বে নিয়ে যাবে।
- সুযোগের সাথে জড়িত ঝুঁকি গ্রহণে সাহসী হোন।
- যখনই আপনি অনুভব করবেন যে, আপনার শরীরের উপর নিজের নিয়ন্ত্রণ রয়েছে, তখনই আপনি সুস্বাস্থ্যের সুপ্রভাতে উপনীত হবেন।
- নিরাময়ের জন্যে আপনার প্রথম প্রয়োজন এক প্রশান্ত মন।
- 'সমস্যা' শব্দটির পরিবর্তে 'সম্ভাবনা' শব্দটি বেশি ব্যবহার করুন।
- শৃঙ্খলা জীবনকে সমৃদ্ধ করে। লোহা ও চুম্বকের রাসায়নিক উপাদান এক হলেও সুশৃঙ্খল আণবিক বিন্যাসের কারণে চুম্বকের রয়েছে আকর্ষণী শক্তি যা লোহার নেই।
- ব্যর্থরা অবচেতনভাবে ব্যর্থতার সঙ্গে নিজেদের সংযুক্ত করে। সচেতনভাবে সাফল্যের সঙ্গে একাত্ম হলে সাফল্যই আপনার দিকে আকৃষ্ট হবে।
- সকালে ঘুম থেকে উঠে খালি পেটে ৪ গ্লাস পানি পানের অভ্যাস করুন। এতে কোষ্ঠকাঠিন্য দূর হবে, সহজে পেটের কোন পীড়া হবে না।
- সহপাঠী বা প্রতিবেশীর সঙ্গে সুসম্পর্ক আর বন্ধুত্ব এক নয়। চেতনা ও আদর্শের মিল রয়েছে এমন কারো সঙ্গেই বন্ধুত্ব হতে পারে।
- কর্মস্থলে প্রতিযোগীকে সবসময় শ্রদ্ধা করুন। শক্তিশালী প্রতিযোগী আপনার মেধার সর্বোত্তম বিকাশে অনুঘটক হিসেবে কাজ করবে।
- শোষিতরা শোষিতের হাতেই সবচেয়ে বেশি নির্যাতিত হয়। যে কখনো সম্মান পায় নি সে জানে না অন্যকে কিভাবে সম্মান করতে হয়।
- আপনার সময় নেই-- এ অজুহাত গ্রহণযোগ্য নয়। কারণ সময় কোন কাজে ব্যয় করবেন তা নির্ধারণের অধিকার আপনার রয়েছে।
- আত্মকেন্দ্রিকতা ও 'আমারটা আগে' এ দৃষ্টিভঙ্গি জীবনকে এক ক্লান্তিকর বোঝায় পরিণত করে। আর বিনয়, সহানুভূতি ও উপকার যত ক্ষুদ্রই হোক জীবনকে প্রাণবন্ত ও হাস্যোজ্জ্বল করে তোলে।
- নিয়ত বা অভিপ্রায় হচ্ছে মনের লাগাম। নিয়ত মনকে নিয়ন্ত্রণ করে, দেহকে সঠিক পথে পরিচালিত করে, দেহ-মনে নতুন বাস্তবতার জন্ম দেয়।
- মুক্ত বিশ্বাস হচ্ছে সকল সাফল্য, সকল অর্জনের ভিত্তি। বিশ্বাসই রোগ নিরাময় করে, মেধাকে বিকশিত করে, যোগ্যতাকে কাজে লাগায়, দক্ষতা সৃষ্টি করে। ব্যর্থতাকে সাফল্যে আর অশান্তিকে প্রশান্তিতে রূপান্তরিত করে।

- সুন্দর প্রত্যাশা ও প্রত্যয় নিয়ে দিন শুরু করুন। ঘুম ভাঙতেই বলুন, শোকর আলহামদুলিল্লাহ/থ্যাঙ্কস গড বা প্রভু ধন্যবাদ, একটি নতুন দিনের জন্যে। দিনের সমাপ্তিও ঘটবে এইভাবে।
- যা করতে পারবেন না বা করবেন না, সে ব্যাপারে বিনয়ের সাথে প্রথমেই 'না' বলুন।
- কাউকে অভিনন্দন জানানোর সুযোগ পেলে আন্তরিকভাবে জানান।
- স্থান-কাল-পাত্র বুঝে হাসিমুখে কথা বলুন। হৃদয়ের আন্তরিকতা মুখের হাসিতে শতগুনে প্রস্ফুটিত হয়।
- প্রস্তুতি ছাড়া যাত্রা পথের কষ্টকে বাড়িয়ে দেয়। স্বপ্ন ও বিশ্বাস পথ চলার সে প্রস্তুতিরই সূচনা করে।
- প্রতিটি কাজ করার আগে অন্তত একবার নিজেকে জিজ্ঞেস করুন কাজটি আপনি কেন করবেন।
- নিজের কাছে নিজ সততা বজায় রাখুন। প্রতিটি কাজে আপনার পক্ষে যা করা সম্ভব, আন্তরিকতার সঙ্গে করুন।
- বুদ্ধিমান সবসময় কথা বা কাজের আগে চিন্তা করে। আর বোকারা চিন্তা করে (পস্তায়) কাজের পরে।
- একজন মানুষকে তার নাম ধরে সম্বোধন করুন। আলাপ-আলোচনায় একাধিকবার তার নাম উল্লেখ করুন।
- কাজ শেষ না হতে পারিশ্রমিক শোধ করবেন না।
- যে কোন সঙ্কটকে বিপদ না ভেবে নতুন চ্যালেঞ্জ হিসেবে নিন।
- দেহ হচ্ছে সেরা ওষুধ কারখানা। যখন যতটুকু প্রয়োজন ঠিক ততটুকু ওষুধই সে তৈরি করে। আর এ ওষুধ পার্শ্বপ্রতিক্রিয়া থেকে পুরোপুরি মুক্ত।
- দায়িত্ব নিতে ভয় পাবেন না। তাহলেই নতুন কিছু শিখতে পারবেন।
- কাজে উদ্যোগী না হলে প্রতিটি কাজই অসম্ভব মনে হয়।
- 'আমি এ বিষয়ে জানি না' এ কথাটি বলতে কখনও ভয় পাবেন না।
- 'আমি দুঃখিত' কথাটি সব সময় আন্তরিকতার সাথে উচ্চারণ করুন।
- দীর্ঘসূত্রিতা ও আলস্যকে প্রশ্রয় দেবেন না। যখন যা করা প্রয়োজন, তখনই তা করুন।
- প্রকৃতির সাথে একাত্ম হোন। প্রকৃতি মন, দেহ ও আত্মার মাঝে সব সময় ভারসাম্য এনে দেয়।
- নীরব মুহূর্তে প্রতিদিন অন্তত একবার করে বলুন, 'আমি সাহসী'।
- একটি কাজ না করার পেছনে হাজারটি অজুহাত দেখানো যায়, কিন্তু কাজটি করার জন্যে একটি কারণই যথেষ্ট।
- জীবনে ব্যর্থতার প্রধান দুটি কারণ হচ্ছে নেতিবাচক দৃষ্টিভঙ্গি এবং সুনির্দিষ্ট লক্ষ্যের অভাব।
- সমস্যায় পড়লেই সমাধানের জন্যে উৎকণ্ঠিত হবেন না। সমস্যাকে তার প্রাকৃতিক প্রক্রিয়ার মধ্যে ছেড়ে দিন। প্রতিটি সমস্যার মধ্যেই নতুন সম্ভাবনা লুকিয়ে থাকে।
- যে কোন ঘটনাকে সহজ ভাবে গ্রহণ করাই হচ্ছে ইতিবাচক দৃষ্টিভঙ্গি।
- প্রশান্ত মনই হচ্ছে শক্তির আসল ফল্গুধারা। মন প্রশান্ত হলে অন্তরের শক্তি জাগ্রত হয় এবং আপাতদৃষ্টিতে অসম্ভবকে সম্ভব করে।
- প্রো-একটিভ হোন। প্রো-একটিভ মানুষের প্রতি অন্যরা আকৃষ্ট হয়। রি-একটিভ ব্যক্তি সবসময়ই মানুষের বিতৃষ্ণার কারণ হয়।
- কারও রুমে ঢোকার সময় আত্মপ্রত্যয়ের সাথে ঢুকুন।
- রাগান্বিত অবস্থায় কোন সিদ্ধান্ত নেবেন না।
- দৃষ্টিভঙ্গি বদলান জীবন বদলে যাবে।
- যার হারানোর কিছু নেই, তার ব্যাপারে সতর্ক থাকুন।
- সাহসী ও ঝুঁকি গ্রহণে উৎসাহী হোন। সুযোগ হাতছাড়া করবেন না। পেছনের দিকে তাকালে দেখবেন, কাজ করে অনুতপ্ত হওয়ার চেয়ে যে সুযোগ আপনি হাতছাড়া করেছেন, তা নিয়েই অনুতপ্ত হচ্ছেন বেশি।
- কান পেতে থাকুন। সুযোগ অনেক সময়ই দরজায় খুব আস্তে করে টোকা দেয়।
- হেসে কথা বলুন। এতে আপনি শুধু নিজেই আনন্দিত হবেন না, অন্যরাও খুশি হবে।
- দিনে কমপক্ষে ২০ বার বলুন- "আমি বেশ ভাল আছি।"
- কারও আশাকে নষ্ট করবেন না। হয়তো এই আশাই তার শেষ সম্বল।

- রাগ, অভিমান ও অভিযোগ বোকা ও দুর্বলরা করে। বুদ্ধিমানরা পরিস্থিতি পরিবর্তনে বুদ্ধি ও কৌশল প্রয়োগ করে।
- নিরাময়ের জন্য প্রয়োজন এক প্রশান্ত মন। আপনার মন ভালো তো সব ভালো।
- কোনো ঘটনার প্রেক্ষিতে সাথে সাথে প্রতিক্রিয়া ব্যক্ত করবেন না। একটু থামুন। লম্বা দম নিন। মনকে জিজ্ঞেস করুন, 'এ মুহূর্তে আমার কি করণীয়?'
- প্রতিটি কাজ শুরু হয় শুন্য থেকে। ধাপে ধাপে তা পূর্ণতা পায়।
- দুঃখবিলাস বা কোন কিছুই ভালো না লাগা আলস্যের একটি রূপ। যারা কিছু করে না, তাদেরই আসলে কিছুই ভালো লাগে না। আর যারা ব্যস্ত তাদের কিছু ভালো না লাগার কোনো সুযোগ থাকে না।

তথ্যসূত্রঃ কোয়ান্টাম ফাউন্ডেশন

হযরত আলী (রাঃ)-এর বিখ্যাত বাণী বা উক্তিসমূহ

☆ অসৎ লোকের ধন-দৌলত পৃথিবীতে সৃষ্ট জীবের বিপদ- আপদের কারণ হয়ে দাঁড়ায়।

☆ অনুশোচনা খারাপ কাজকে বিলুপ্ত করে আর অহংকার ভালো কাজকে ধ্বংস করে।

☆ অভ্যাসকে জয় করাই পরম বিজয়।

☆ আত্মতুষ্টি নিশ্চিতভাবে নির্বুদ্ধিতার লক্ষণ।

☆ অনর্থক কামনা নিজেই একটি ধ্বংসাত্মক সঙ্গী, আর বদ অভ্যাস সৃষ্টি করে একটি ভয়াবহ শত্রু।

☆ গোপন কথা যতক্ষণ তোমার কাছে আছে সে তোমার বন্দী। কিন্তু কারো নিকট তা প্রকাশ করা মাত্রই তুমি তার বন্দী হয়ে গেলে।

☆ ছোট পাপকে ছোট বলিয়া অবহেলা করিও না, ছোটদের সমষ্টিই বড় হয়।

☆ যা তুমি নিজে করো না বা করতে পারো না, তা অন্যকে উপদেশ দিও না।

☆ যে নিজের মর্যাদা বোঝে না অন্যেও তার মর্যাদা দেয় না।

☆ যৌবনের অপচয়কৃত সময়ের ক্ষতি অবশ্যই পূরণ করতে হবে, যদি তুমি সন্তোষজনক সমাপ্তি অনুসন্ধান করো।

☆ ত্বরিত ক্ষমা-প্রদর্শন ভদ্রতার নিদর্শন আর ত্বরিত প্রতিশোধ গ্রহণ হীনতার পরিচায়ক।

☆ তোমার যা ভাল লাগে তাই জগৎকে দান কর, বিনিময়ে তুমিও অনেক ভালো জিনিস লাভ করবে।

☆ দ্রুত ক্ষমা করে দেয়া সম্মান বয়ে আনে আর দ্রুত প্রতিশোধ পরায়ণতা অসম্মান বয়ে আনে।

☆ দুনিয়াতে সব চেয়ে কঠিন কাজ হচ্ছে নিজেকে সংশোধন করা আর সবচেয়ে সহজ কাজ হচ্ছে অন্যের সমালোচনা করা ।

☆ দুনিয়ার প্রতি ভালোবাসা যত বেশি হবে, আল্লাহর প্রতি ততোটাই কম হবে।

☆ নিজের মহানুভবতার কথা গোপন রাখো, আর তোমার প্রতি অন্যের মহানুভবতার কথা প্রচার করো।

☆ নীচ লোকের প্রধান হাতিয়ার হচ্ছে অশ্লীল বাক্য।

☆ পাথরের মত হয়োনা, যে নিজে অন্যের পথরোধ করে।

☆ পুণ্য অর্জন অপেক্ষা পাপ বর্জন শ্রেষ্ঠতর ।

☆ বিপদে অস্থিরতা নিজেই একটি বড় বিপদ।

☆ বুদ্ধিমানেরা বিনয়ের দ্বারা সম্মান অর্জন করে, আর বোকারা ঔদ্ধত্যের দ্বারা অপদস্ত হয়।

☆ মানুষের কিসের এত অহংকার, যার শুরু একফোটা রক্তবিন্দু দিয়ে আর শেষ হয় মৃত্তিকায়।

☆ মন্দ লোক অন্যদের সম্পর্কে ভালো ধারণা করতে পারে না, সর্বোচ্চ সে তাদেরকেও নিজের মত মনে করে।

☆ মনে রেখো তোমার শত্রুর শত্রু তোমার বন্ধু, আর তোমার শত্রুর বন্ধু তোমার শত্রু।

☆ রাজ্যের পতন হয় দেশ হতে সুবিচার উঠে গেলে, কারণ সুবিচারে রাজ্য স্থায়ী হয়। সুবিচারকের কোন বন্ধুর দরকার হয় না।

☆ শত্রুরা শত্রুতা করতে কৌশলে ব্যর্থ হলে তারপর বন্ধুত্বের সুরত ধরে।

☆ সম্মুখে তারিফ করে যে জন, জানিও দুষমন সে জন।

'বড়লোক' হতে আপনার বাধা এই বিষয়গুলো

মার্কিন লেখক এবং মিলিয়নেয়ার স্টিভ সিবোল্ড তার বইতে লিখেছেন, 'রোজগার করার সুযোগ প্রত্যেকের কাছে সমানই থাকে। তবে কেউ সেটাকে কাজে লাগায় কেউ লাগায় না। আপনি কাজে লাগাচ্ছেন? আপনার মাস গেলে যে রোজগার হয় তাতে আপনি খুশি? আপনি বড়লোক হতে চান? প্রশ্ন গুলো প্রত্যেকের ক্ষেত্রে প্রাসাঙ্গিক। বড়লোক কে না হতে চায় বলুন! তবে চাইলেই তা হওয়া যায় না। বিশেষ করে যদি এই লক্ষণগুলি আপনার মধ্যে থাকে তবে সেটা স্বপ্নই থেকে যাবে। লক্ষণগুলির সঙ্গে আপনি নিজেকে মেলাতে পারেন, তবে অবিলম্বে পাল্টে ফেলুন। দেখে নিন কী কী সেই লক্ষণগুলি :

১. আয় না বাড়িয়ে সঞ্চয়ের দিকেই জোর : সঞ্চয় করা সম্পদ বৃদ্ধির অন্যতম প্রধান শর্ত। তবে শুধু সঞ্চয়ের দিকে মন দিলে হবে না। তার সঙ্গে রোজগার বাড়ানোর দিকেও খেয়াল রাখতে হবে। রোজগার বাড়লেই সঞ্চয় বাড়াতে পারবেন।

২. বিনিয়োগে অনীহা : বাংলায় একটা প্রবাদ আছে, টাকায় টাকা টানে। একদম ঠিক কথা। আপনার কাছে টাকা না থাকলে আপনি তা বাড়াবেন কী করে! আর শুধু থাকলেই হবে না, তা বাড়াতে জানতেও হবে। আর তার জন্য বিনিয়োগ খুবই প্রয়োজন। যারা শুধু জমিয়ে যান, বিনিয়োগ করেন না, তাদের সম্পদ বৃদ্ধির হার খুবই কম হয়। টাকা বাড়াতে হলে তা বিনিয়োগ করতে হবে। সেটাও দীর্ঘ মেয়াদী।

৩. বেতনেই খুশি : মাস গেলে ব্যাংকের টাকা মধুর এসএমএস। বেতন আপনার অ্যাকাউন্টে চলে এসেছে। ব্যস আপনি গদগদ হয়ে গেলেন। যদি বড়লোক হওয়ার বাসনা থাকে, তবে শুধু বেতনে খুশি হলে চলবে না। সঙ্গে সঙ্গে অন্য কিছু করার চেষ্টা করতে হবে। মনে রাখবেন, বাণিজ্যে বসতে লক্ষ্মী। তাই নিজের উদ্যোগে কিছু করুন।

৪. সাধ্যের বাইরের জিনিস কেনা: বেতন বা রোজগারের সঙ্গে সামঞ্জস্য না রেখে জিনিসপত্র কিনতে শুরু করলেন। ভাবলেন, 'কোনও পরোয়া নেই, উগও আছে নো' সে আছে ঠিকই, কিন্তু টাকা তো আপনিই মেটাচ্ছেন। একটা কথা মনে রাখবেন, দরকার ছাড়াও যদি আপনি অযথা জিনিসপত্র কেনেন, তবে শিগগিরই আপনার দরকারি জিনিসপত্র বেচতে হতে পারে।

৫. অন্যের স্বপ্ন গড়ছেন আপনি : ছোটবেলায় বাবা-মা, বড় হওয়ার পর স্ত্রী বা সন্তান, অফিসে বস বা ঊর্ধ্বতন কর্তৃপক্ষ, এই সকলের স্বপ্নের বোঝা আপনার কাঁধে। আপনি তা নিরন্তর বয়ে বেড়াচ্ছেন। যদি এমনটা হয় তা হলে ভবিষ্যতে ভালো নয়। নিজে যেটা করছেন, সেই কাজকে ভালোবাসুন, বা ভালোবাসার কাজকে বেছে নিন। তা হলে কাজকে কাজ মনে হবে না। তাই অভ্যাস পাল্টান, জীবন পাল্টে যাবে।

৬. কমফোর্ট জোন ছাড়ব না : যা খুশি হয়ে যাক নিজের কমফোর্ট জোন ত্যাগ করব না। এটা একেবারে মার্কামারা মধ্যবিত্ত মানসিকতার লক্ষণ। টাকা রোজগার করতে হলে আপনাকে কষ্ট তো করতে হবেই। তাই মানসিক এবং শারীরিক স্বাচ্ছন্দের কথা ভাবলে রোজগার করবেন কী করে!

৭. কোনও পরিষ্কার চিন্তাধারা নেই : বড়লোক হতে চান, টাকাও রোজগার করতে চান, কিন্তু তার জন্য কোনও পরিষ্কার ধারণা বা চিন্তাধারা নেই। চলবে না। টাকা এমনি বাড়ে না। তার জন্য পরিশ্রম করতে হয়। সঙ্গে পড়াশোনা এবং পরিস্কার চিন্তাভাবনার প্রয়োজন। যদি ধারণা নিয়ে ধোঁয়াশা থাকে, তবে সম্পদ বাড়ার বদলে কমে যেতে পারে।

৮. আগে খরচ পরে সঞ্চয় : মাস শেষ হওয়ার সঙ্গে সঙ্গে একগুচ্ছ বিল। মোবাইল থেকে ট্যাক্স, বিদ্যুত, বাজার-হাট, আরও কত কী। সে সব মেটানোর পর সারা মাস একটা হাত খরচ। এ সব করে যদি বাচে তা হলে সঞ্চয়, নয় তো পরের মাসের অপেক্ষা। সব থকে বড় ভুল করছেন। মাসের প্রথমেই বাকি সব বিলের মতো সঞ্চয়কেও একটা বিল মনে করুন। রোজগারের অন্তত ১০ শতাংশ আলাদা করে সরিয়ে অন্য কোনও অ্যাকাউন্টে রেখে দিন। আর মনে করুন, ওটা আপনার টাকা নয়। এটাও একটা অভ্যাস। না করলে ভবিষ্যতে অঙ্কে বড় সমস্যায় পড়বেন। বড়লোক হওয়া তো দূরস্থান।

৯. 'বড়লোক হওয়া আমার কম্ম নয় : মনে যদি এই ধারণা পোষণ করেন, তবে সত্যিই পারবেন না। সিবোল্ড লিখছেন, 'মধ্যবিত্ত মানসিকতার লোকজন সব সময় এটা ভাবেন বড়লোক হওয়া শুধু ভাগ্যবান মানুষের কপালেই থাকে।' এই মানসিকতার কারণেই তারা পিছিয়ে থাকেন। অধ্যবসায়, পড়াশোনার সঙ্গে সাঙ্গে মানসিকতাও থাকা প্রয়োজন। না হলে পারবেন না।

লাইফের জন্য বিল গেটসের বেস্ট কিছু পরামর্শ

☞ **যত দ্রুত সম্ভব শুরু করুন ঃ** কোনো চিন্তা-ভাবনা কিংবা কোনো কাজ কারও জন্য ফেলে রাখবেন না। যেটা চিন্তা করেছেন সেটা শুরু করুন, আর যেটা শুরু করেছেন সেটা চালিয়ে যান। মনে রাখবেন, নিজের চিন্তা-ভাবনা দিয়ে শুরু করা কোনো কাজ ভুল হলেও ভবিষ্যতে হয়ত সেটা আপনার কাজে লাগতে পারে অথবা সেটাও আপনাকে কোনো ভালো ফল দিতে পারে।

☞ **প্রতিদিন নিজেকে সেরা উপহার দিতে হবেঃ** আপনি যা করবেন সেটাই আপনার বড় উপহার। সুতরাং এমন কিছু করবেন যেন ব্যর্থ হতে না হয় এবং আপনার করা কাজটি আপনার কাছে সব থেকে বড় উপহার হয়ে দাঁড়ায়।

☞ **নিজেই নিজের বস হোন ঃ** নিজেকে কখনও ছোট মনে করবেন না। কেননা একটা কথা সবসময় মনে রাখবেন যে, পৃথিবীতে যারা বড় হয়েছে একদিন তারাও আপনার মত জায়গায় ছিল। আপনি যদি চেষ্টা করেন তাহলে আপনিও একদিন সেখানে পৌঁছতে পারবেন। আপনি যেখানেই কাজ করেন না কেন সবসময় মাথায় রাখবেন, আপনি আপনার বস। তাহলে সবসময় ভালো পারফরম্যান্স দিতে পারবেন।

☞ **প্রতিজ্ঞ এবং প্রত্যয়ী হোন ঃ** প্রতিজ্ঞা একটি মানুষকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে। প্রতিজ্ঞার সাথে আর একটি বিষয় দরকার সেটা হল প্রত্যয়ী হওয়া। যদি আপনি প্রতিজ্ঞ হোন এবং প্রত্যয়ীও হোন তাহলে আপনার কোনো কিছুই ব্যর্থ হবে না। জীবনে উন্নতির জন্য এই দু'টা জিনিস খুবই গুরুত্বপূর্ণ।

☞ **শিক্ষাপ্রতিষ্ঠান নয়, জীবনই সেরা স্কুল ঃ** এই কথাটা বলার কারণ হল, স্কুল থেকে আপনি যেটা শিখছেন; সেটা অপরের জ্ঞান আপনি গ্রহণ করছেন। কিন্তু বাইরের বৃহৎ পরিসর থেকে আপনি যে জ্ঞান গ্রহণ করছেন এর থেকে বড় স্কুল হতে পারে না। তাই শিক্ষাপ্রতিষ্ঠান থেকে জীবনকেই বড় স্কুল বলা হয়েছে।

☞ **আশা হারাবেন না ঃ** কোনো কিছুতে হার মানলে কখনও আশা হারাবেন না। মনে রাখবেন, যেটা হয় সেটা সবসময় ভালোর জন্য হয়। যে বিষয়ে আপনি হার মেনেছেন, আশা না হারিয়ে পুনরায় চেষ্টা করুন। হয়ত এর চেয়েও ভালো কিছু আপনার জন্য অপেক্ষা করছে। আশা হারিয়ে ফেললে জীবনে অনেক পিছিয়ে পড়বেন।

☞ **সমালোচনাকে স্বাগত জানান ঃ** যেখানে দেখবেন সমালোচনা হচ্ছে সেখানে নিজেকে একটু অপেক্ষা করান। একটি সমালোচনায় অনেক শ্রেণির অনেক ধরনের মানুষ থাকে। একজন থেকে অন্যজন অবশ্যই আলাদা। সুতরাং আপনি যদি একটি সমালোচনায় নিজেকে উপস্থিত করান তাহলে অনেক কিছু শিখতে পারবেন। মানুষের চিন্তা-ভাবনা সম্পর্কে জানতে পারবেন। একটি সমালোচনা আপনার জন্য অনেক বড় একটি ভূমিকা পালন করে।

☞ **সাফল্যের হিসাব করুন ঃ** সাফল্য সবার জন্য নয়। সাফল্য অর্জন করতে হলে চাই অদম্য সাহস আর প্রতিভা। নিজেকে করতে হবে প্রতিজ্ঞাবদ্ধ ও প্রত্যয়ী। আপনি যখন কিছু শুরু করবেন, সবসময় সেটার সাফল্য নিয়ে ভাববেন। পরবর্তীতে সেটা যদি বিফলেও যায় হতাশ না হয়ে তার পেছনে লেগে থাকুন এবং সাফল্যের জন্য অপেক্ষা করুন।

☞ **জীবনটা সহজ নয় ঃ** 'জীবনে উন্নতি করবো'- এটা শুধু মুখে বললেই উন্নতি চলে আসবে না। জীবনটা এত সহজ নয়। জীবনের প্রতিটা পদক্ষেপ অনেক কঠিন। আপনাকে জীবনে উন্নতি করতে হলে অনেক কঠিন কিছুর সম্মুখীন হতে হবে। তবেই না উন্নতি আসবে। জীবনটা অনেক কঠিন- এটা মেনে নিতে হবে।

কম্পিউটারের ফাংশন কী-এর ব্যবহার

ফাংশন কী: কম্পিউটার কি-বোর্ডের একেবারে উপরে থাকা এই ১২ বাটন খুব বেশি ব্যবহার না করলেও এগুলো কিন্তু একেবারেই অকেজো নয়। সবগুলোরই আছে ভিন্ন ভিন্ন কাজ। উইন্ডোজ থেকে ম্যাক, আলাদা অপারেটিং সিস্টেমের জন্য এদের ব্যবহার বিভিন্ন। উইন্ডোজের ক্ষেত্রে এই কি-গুলোর কাজ দেখে নিন এক নজরে-

* **F1:** বেশির ভাগ সফটওয়্যারের ক্ষেত্রে F1 কি হেল্প বাটন হিসেবে কাজ করে। উউন্ডোজের নিজস্ব হেল্প কি-ও F1।

* **F2:** কোন হাইলাইটেড ফাইল বা ফোল্ডার রিনেম করার শর্টকাট হল F2 কি। মাইক্রোসফট ওয়ার্ডের ক্ষেত্রে কোনো ডকুমেন্ট খুলতে ব্যবহার করা হয় alt+ctrl+f2.

* **F3:** উইন্ডোজ ডেস্কটপের ক্ষেত্রে F3 বাটন সার্চের কাজ করে। এই বাটন লেখা শেষ লাইন ফিরিয়ে আনবে।

* **F4:** উইন্ডোজ এক্সপ্লোরার বা ইন্টারনেট এক্সপ্লোরারের ক্ষেত্রে F4 বাটন অ্যাড্রেস বার খোলার কাজ করে। অ্যাক্টিভ উউন্ডো একবারে বন্ধ করতে alt+F4 ব্যবহার হয়।

* **F5:** যে কোনো ব্রাউজারের ক্ষেত্রে F5 বাটন রিফ্রেশের কাজ করে। মাইক্রোসফট ওয়ার্ডের ক্ষেত্রে বাটন একবারে Find, Replace, Go To ডায়লগ উইন্ডো খোলা যায়।

* **F6:** যে কোনও ব্রাউজারের ক্ষেত্রে বাটন অ্যাড্রেস বারে কার্সর নিয়ে যায়। কিছু ল্যাপটপের ক্ষেত্রে এই F6 বাটন দিয়ে ভলিউম কমানো যায়।

* **F7:** মাইক্রোসফট ওয়ার্ড এবং আউটলুকের ক্ষেত্রে বানান এবং ব্যাকরণ চেক করার জন্য F7 বাটন ব্যবহৃত হয়। এই বাটনে ভলিউমও বাড়ানো যায়।

* **F8:** সেফ মোডে খুলতে F8 বাটন ব্যবহার করা হয়। কম্পিউটারে এই কি দিয়ে উইন্ডোজ রিকভারি সিস্টেম শুরু করা যায়।

* **F9:** মাইক্রোসফট ওয়ার্ডের ক্ষেত্রে F9 বাটন রিফ্রেশের কাজ করে। এই বাটন দিয়ে ব্রাইটনেস কমানো যায়।

* **F10:** যে কোন অ্যাক্টিভ উইন্ডোজের ক্ষেত্রে F10 বাটন দিয়ে মেন্যু বার খোলা হয়। কিছু ল্যাপটপের ক্ষেত্রে এই বাটন দিয়ে ব্রাইটনেস বাড়ানো যায়।

* **F11:** যে কোনো ব্রাউজারের ক্ষেত্রে F11 বাটন দিয়ে ফুল স্ক্রিন মোড অ্যাক্টিভ করা যায়। কিছু কম্পিউটারের Ctrl+F11 দিয়ে লুকানো পার্টিশন অ্যাক্টিভ করা যায়।

* **F12:** ফাংশন কি F12 মাইক্রোসফট ওয়ার্ডে কোনো ফাইল সেভ করতে ব্যবহৃত হয়।

কতিপয় হেলথ টিপস্

সুস্বাস্থ্যের মানদন্ড

বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বাস্থ্য সম্পর্কিত ১০টি মানদন্ড হলো-এক; কর্মশক্তিসম্পন্ন, স্বাভাবিকভাবে জীবনের বিভিন্ন কাজ মোকাবিলা করতে পারে। দুই: আশাবাদী, সক্রিয় দৃষ্টিভঙ্গিতে কাজ করতে পারে। তিন: নিয়মিত বিশ্রাম নেয়, খুব ভালো। চার: পরিবেশের সঙ্গে খাপ খাওয়াতে পারে, বিভিন্ন অবস্থায় মোকাবিলা করতে পারে। পাঁচ: সাধারণ সর্দি ও সংক্রামক রোগ প্রতিরোধক শক্তি আছে। ছয়: ওজন সঠিক, শরীরের সংগঠনিক দিক সঠিক। সাত: চোখ উজ্জ্বল, কোনো প্রদাহ রোগ নেই। আট: দাঁত পরিস্কার এবং সতেজ, ব্যথা নেই, দাঁতের মাড়ির রং স্বাভাবিক। নয়: চুলে উজ্জ্বলতা আছে, খুশকি নেই। দশ: হাড় স্বাস্থ্যবান, পেশি ও ত্বক নমনীয়, হাঁটাহাঁটি করলে কোনো অসুবিধা নেই।

দৌড়ান খালি পায়ে

জুতা পরে দৌড়ানোর চেয়ে খালি পায়ে দৌড়ালে মস্তিষ্কের কার্যক্ষমতা বাড়ে। সাম্প্রতিক এক গবেষণায় এ তথ্য প্রকাশ করা হয়। এতে আপনার মস্তিষ্কের স্মৃতি ধারণক্ষমতা ও তথ্য পরিচালনা ক্ষমতার উন্নয়ন ঘটে। যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব নর্থ ফ্লোরিডার একদল গবেষক এই গবেষণা চালান। মস্তিষ্কের যে অংশে তথ্য সরবরাহ ও স্মৃতি জমা হয় সে অংশকে সাধারণভাবে কার্যকর মেমোরি বা ওয়ার্কিং মেমোরি বলা হয়। একটা মানুষের পুরো জীবন ওয়ার্কিং মেমোরি কাজ করে চলে। এর কার্যকর উন্নয়ন সাধনের মাধ্যমে জীবনের গুণগত মানোন্নয়ন সম্ভব। যা আমাদের আরো বেশি উপযুক্ত করে তুলতে পারে। গবেষকরা ১৮ থেকে ৪০ বছর বয়সী ৭২ জনের ওপর গবেষণা চালান। গবেষণায় অংশগ্রহণকারীদের তাদের পছন্দমতো জায়গায় প্রায় ১৬ মিনিট জুতাসহ ও জুতা ছাড়া দৌড়াতে বলেন। পারসেপচুয়াল অ্যান্ড মটর স্কিলস জার্নালে প্রকাশিত ফলাফলে দেখা যায়, খালি পায়ে দৌড়ানোর পরে ওয়ার্কিং মেমোরি জুতাসহ দৌড়ানোর তুলনায় প্রায় ১৬ ভাগ বেশি কার্যক্ষম হয়। জুতা পরে দৌড়ালে বস্তুত ওয়ার্কিং মেমোরি তেমন কোনো পরিবর্তন হয় না।

সিগারেট ছাড়তে চাইলে....

জীবনে চলার পথে অফিসের কাজের চাপ ছাড়াও নানা ধরনের চাপ সামলাতে হয় আমাদের। এতো চাপে মাথা হয়ে যায় পুরো জ্যাম। আর সেই জ্যাম কাটানোর জন্যই ঘন ঘন সিগারেট টানেন অনেকে। ধূমপানের কারণে শরীরের অনেক ক্ষতি হয়। এ কারণে অনেকে চেষ্টা করেও সিগারেট খাওয়া ছাড়তে পারেন না। খুব সহজেই কিন্তু এ অভ্যাস ছাড়া সম্ভব। ভিটামিন সি'যুক্ত ফল খেলেই সিগারেট টানার ইচ্ছে চলে যায়। রোজ রাতে এবং দুপুরে খাওয়ার পর দুধ পান করুন। তারপর সিগারেট টেনে দেখুন। এমন তিতা লাগবে যে, নিজের মন থেকেই সিগারেট ছেড়ে দেবেন। অফিসে এমন কলিগের সঙ্গে মেলামেশা করুন যিনি বা যারা সিগারেটের বন্ধু নন। তাহলে ধীরে ধীরে আপনারও এ ইচ্ছা চলে যাবে। অফিসের বাইরে আড্ডা দেয়ার সময় মুখে চুইংগাম চিবাতে পারেন। খেয়াল রাখবেন, অবসর সময় যেন মুখ ফাঁকা না থাকে। মাথায় প্রচুর চাপ, সিগারেটের জন্য মন ছটফট করছে। এ রকম সময় জিভে খানিকটা লবণ দিয়ে দিন। দেখবেন, ধীরে ধীরে সিগারেট টানার ইচ্ছা চলে যাবে। সিগারেট টানা হঠাৎ করে ছেড়ে দিলে মোটা হয়ে যাওয়ার প্রবণতা দেখা যায়। তাই সিগারেট ছেড়ে দেবেন বলে যদি সিদ্ধান্ত নিয়ে থাকেন, তাহলে আগে থেকেই ব্যায়ম করা শুরু করে দিন। নিয়মিত ব্যায়াম করার ফলে সিগারেট টানার প্রবণতাও ধীরে ধীরে লোপ পায়।

ক্যান্সার ঠেকায় বাদাম!

বাদাম শরীরে পুষ্টি জোগাতে খুবই কাজে আসে। এটি গ্লুকোজের মাত্রা ঠিক রেখে শরীরের জন্য ক্ষতিকর কোলেস্টেরলের মাত্রা কমিয়ে দেয়। বিশেষ করে নারীদের ক্ষেত্রে বাদাম খুবই উপকারী। কারণ বাদাম স্তন ক্যান্সারের ঝুঁকিও অর্ধেক নামিয়ে আনে। যারা সপ্তাহে অন্তত কয়েক দিন বাদাম খান, তাদের হৃদরোগের সম্ভাবনা ৭৪ শতাংশ কমে যায়। বাদাম খেলে ঘন ঘন ক্ষুধা লাগার প্রবণতা কমে আসে বলে ওজন নিয়ন্ত্রণে থাকে। তবে বাদামে উচ্চমাত্রার ফ্যাট, চর্বি এবং ক্যালরি থাকায় এটি ডায়াবেটিস রোগীদের পরিমিত হারে খেতে হবে।

রাতে বেশি খাওয়া ভালো নয়

প্রায়শই রোগীরা বলে থাকেন ডাক্তার সাহেব আমি তো সারাদিন প্রায় কিছু খাই না। একটু চা কপি বিস্কুট আর রাতে বাসায় ফিরে একটু ভাত, মাছ, মাংস তরকারি এই তো। তারপরও ওজন কেন কমছে না। অনেক নারী বলে থাকেন সারাদিন শুধু একটু শসা বা গাজর খাই। রাতে ভাত। অনেকে আবার রাতে তেমন কিছু খান না। অনেকে দুপুরে ভাত খান। আর আইসক্রিম, ফাস্টফুড এসব খাবার মেনুর বাইরে থাকে। কেমন হওয়া উচিত খাবার তালিকা। এসব নিয়েও অনেকে প্রশ্ন করেন, আমি মাঝে

মাঝে ডায়েট চার্ট দেই। আমি ওজন কমানোর জন্য কাউকে ক্রাশ ডায়েটিং বা না খেয়ে শুকাতে বলি না। বরং ক্যালরি ঠিক রেখে যতটা খাদ্য নির্বাচন করা যায় ততই ভালো। তাই আমি ডায়েট নিয়ে যখন কথা বলি তখন যথা সম্ভব বিজ্ঞান সম্মত তথ্য দেওয়ার চেষ্টা করি। যাহোক, ফিরে আসি রাতের খাবার প্রসঙ্গে। একজন চিকিৎসা হিসেবে যতখানি তথ্য পেয়েছি তাতে রাতে অধিক আহারের স্বপক্ষে কোনো যুক্তি পাইনি। বরং রাতে হালকা খাবার আহারের পক্ষে বেশিরভাগ পুষ্টি বিজ্ঞানী। রাতে অধিক আহারে সমস্যা কোথায়?

এ ব্যাপারটিও জানা দরকার। রাতে সাধারণত আমাদের কোন ফিজিক্যাল অ্যাকটিভিটি বা পরিশ্রমের প্রয়োজন পড়ে না। তাই আমরা আহার থেকে যে খাদ্য শক্তি পাই তা শরীরে জমা হয়। ফলে আমাদের শরীরের ওজন বেড়ে যেতে পারে। এছাড়া রাতে বেশি আহার করলে সকালে ঘুম থেকে উঠতেও বিলম্ব হয়। এছাড়া রাতে বেশি আহার করেই বিছানায় শরীর হেলিয়ে দেন। ফলে খাবার পেটের উপরিভাগে উঠে ডায়াফ্রাম বা মধ্যচ্ছেদায় চাপ দেয়। তখন বুকে ব্যথা হতে পারে। যাকে বলা হয় হার্ট বার্ন বা বুক জ্বালা-পোড়া। অনেকে এ ধরনের বুকের ব্যথাকে হার্টের সমস্যা মনে করেন। রাতে খাবার পরিমিত বা কম আহার করলে একদিকে যেমন স্বাস্থ্যকর, অন্যদিকে ওজন আধিক্য থেকেও রক্ষা পাওয়া যায়।

অতিরিক্ত কাজ থেকে দুশ্চিন্তা

নতুন গবেষণার ফলাফল হচ্ছে, কাজপাগল মানুষের বিষণ্নতা, দুশ্চিন্তা ইত্যাদি মানসিক সমস্যায় আক্রান্ত হওয়ার আশঙ্কা বেশি। গবেষণাটি ইঙ্গিত করে, কাজকে আসক্তির পর্যায়ে নিয়ে গেলে তা জটিল মানসিক ও আবেগজনিত সমস্যার কারণ হতে পারে। গবেষণার ফলাফলে দেখা যায়, অস্বস্তি, হতাশা ইত্যাদির পাশাপাশি কাজ পাগল মানুষদের 'অ্যাটেনশন ডেফিসিয়েন্সি/হাইপার অ্যাক্টিভিটি ডিজঅর্ডার (এডিএইচডি) নামক মানসিক সমস্যায় আক্রান্ত মনোযোগের সমস্যা, কাজে অস্থিরতা, না বুঝে কাজ করা ইত্যাদি সমস্যা দেখা দেয়। আরো আছে 'অবসেসিভ-কম্পালসিভ ডিসঅর্ডার (ওসিডি)'। যে কারণে রোগী অতিরিক্ত চিন্তা করে, ফলে একই কাজ বারবার করতে থাকে। নরওয়ের ইউনিভার্সিটি অব বার্গেন'য়ের গবেষক ও ক্লিনিক্যাল সাইকোলজিস্ট সিসিলি স্কৌ অ্যান্ড্রেয়াসেন বলেন, 'মনস্তাত্ত্বিক সমস্যার উপসর্গ নির্ণয়ের সব পরীক্ষাতেই স্বাভাবিক মানুষের তুলনায় কাজ পাগলদের ফলাফল বেশি।' কাজের প্রতি আসক্তি আর মানসিক সমস্যার মধ্যে সম্পর্ক নির্ণয়ের এই গবেষণায় মোট ১৬ হাজার ৪২৬ জন প্রাপ্তবয়স্ক নারী-পুরুষ অংশগ্রহণ করেন। তাদের মধ্যে ৩২ দশমিক ৭ শতাংশ কাজপাগল মানুষের মধ্যে 'এডিএইচডি'য়ের উপসর্গ পাওয়া গেছে। অপরদিকে স্বাভাবিক মানুষের মধ্যে মাত্র ১২ দশমিক ৭ শতাংশের মাঝে এই উপসর্গ পাওয়া গেছে।

খালি পেটে চা নয়

সকালে উঠেই অনেকের বেড টি পানের অভ্যাস আছে। তবে চায়ের সঙ্গে টা অবশ্যই জরুরি। ভুলেও খালি পেটে চা পান করবেন না। এর অনেকগুলো ক্ষতিকর পার্শ্বপ্রতিক্রিয়া আছে। খালি পেটে ব্ল্যাক টি পান করলে পেট ফাঁপে। পেটে অস্বস্তি বোধ হয়। খালি পেটে চা পান করলে অ্যাসিডিটি বাড়ে। খালি পেটে চা পান করলে গ্যাস্ট্রিকের আশঙ্কা বাড়ে। খিদে নষ্ট হয়ে যায়। চায়ে ট্যানিন থাকার জন্য খালি পেটে পান করলে বমি বমি ভাব লাগতে পারে। খালি পেটে চা পান করলে শরীরের প্রোটিন ও অন্যান্য নিউট্রিয়েন্টসের সক্রিয়তা কমে যায়। যারা খালি পেটে কড়া চা পান করেন, তাদের আলসারের আশঙ্কা থাকে। খালি পেটে আদা চা পান করলে গ্যাসের সমস্যা বাড়তে পারে।

বিষণ্নতা রোধে ফল

প্রতিদিন অন্তত দুই টুকরো আপেল খেলে বিষণ্নতায় ভোগার সম্ভাবনা কমে যায়। বিশেষ করে মধ্যবয়স্ক মহিলাদের জন্য এটা বেশি কার্যকর। আর এই তথ্য বৃহস্পতিবার প্রকাশিত অস্ট্রেলিয়ান গবেষকদের গবেষণাপত্র থেকে জানা গেছে। এই সমীক্ষার জন্য অংশ নেয়া প্রায় ছয় হাজার জনের সঙ্গে কথা বলে জানা গেছে, ফলের অ্যান্টি-ইনফ্লাম্যাটোরি বৈশিষ্ট্য শরীর ও মন ভালো রাখার জন্য রাসায়নিক

পদার্থের মাত্রা বাড়ায় যার সঙ্গে সুখ-সমৃদ্ধি চেতনা তৈরির সংযোগ রয়েছে। ইউনিভার্সিটি অফ কুইন্সল্যান্ডের অধ্যাপক গীতা মিশ্রা এক টেলিভিশন সাক্ষাৎকারে বলেন, 'মহিলাদের মধ্যে যারা প্রতিদিন দুই বা ততধিক ফল খেয়েছেন তারা বিষণ্নতার উপসর্গের বিষয়ে তুলনামূলক কম রিপোর্ট করেছেন। সমীক্ষার উপসংহারে বলা হয়, প্রতিদিন দুটি আপেল খেলে বিষণ্নতা নিয়ন্ত্রণে সাহায্য করে থাকে। তবে বিষণ্নতার সঙ্গে সবজি খাওয়ার কোনো সংযোগ আছে কিনা তা নিশ্চিত করে স্থির করা যায়নি। মিশ্রা আরো বলেন, 'সবজি ও ফলের বিভিন্ন রকম প্রভাব জানার জন্য আরো গবেষণার প্রয়োজন। তবে ফলে রয়েছে উচ্চমাত্রায় অ্যান্টিইনফ্লামাটোরি বৈশিষ্ট্য এবং অ্যান্টিঅক্সিডেন্টস, যেমন রেসভেরাট্রল যা সবজিতে পাওয়া যায় না।

দৃষ্টিশক্তি প্রখর করে কালোজাম

বাজারে নানা রকম দেশি ফল পাওয়া যাচ্ছে প্রচুর পরিমাণে। দেশি ফলের ভেতরে কালো জামের কদর রয়েছে বেশ। ফলটি স্বাস্থ্যের জন্য যথেষ্ট উপকারীও। কালোজামের মধ্যে পাওয়া ইলাজিক নামের এসিড, যা সূর্যের ক্ষতিকর অতিবেগুনি রশ্মির প্রভাব থেকে ত্বক ও চুলকে রক্ষা করে। এই ইলাজিক এসিড ক্ষতিকর ভাইরাস, ব্যাকটেরিয়া ও ফাঙ্গাসের বিরুদ্ধে যুদ্ধ করে। কালোজাম হৃৎপিন্ডের অসুখ, জরায়ু, ডিম্বাশয়, মল্লার ও মুখের ক্যান্সারের বিরুদ্ধে লড়াই করে। এ ফলে গ্লুকোজ, ডেক্সট্রোজ ও ফ্রুকটোজ রয়েছে, যা আপনাকে জোগায় কাজ করার শক্তি। জামের ভিটামিন এ দৃষ্টিশক্তিকে প্রখর করে। কালোজামে থাকা ভিটামিন সি গরমে ঠান্ডাজনিত জ্বর, কাশি ও টনসিল ফুলে যাওয়া প্রতিরোধ করে। দূর করে জ্বরজ্বর ভাব। আর দাঁত, চুল ও ত্বক সুন্দর করতেও এর অবদান অপরিসীম। বৃদ্ধ বয়সে চোখের অঙ্গ ও স্নায়ুগুলোকে কর্মময় করতে সাহায্য করে। উচ্চ রক্তচাপ ও ডায়াবেটিসের রোগীদের জন্য কালোজাম উপকারী। রক্তচাপ নিয়ন্ত্রণে ও রক্তে চিনির মাত্রা কমাতে সাহায্য করে জাম। পাকা কালোজাম বিট লবণ মাখিয়ে তিন থেকে চার ঘণ্টা রেখে ছেঁকে রস বের করে নিন। এই রস খেলে পাতলা পায়খানা, অরুচি ও বমিভাব দূর হবে।

সকাল সকাল ঘুম থেকে ওঠার কার্যকর উপায়

অসংখ্য পরিশ্রমী মানুষ একটা সমস্যাতেই ভুগছেন। সকালে ঘুম থেকে উঠতে পারেন না। সোশ্যাল মিডিয়া 'কুয়োরা' বা বিভিন্ন বইয়ে এ বিষয়ে নানা পরামর্শ মিললেও লাভ হয় না। এখানে বিশেষজ্ঞরা দিয়েছেন কিছু কার্যকর পরামর্শ-

১. কক্ষে অবশ্যই একটি অ্যালার্ম ঘড়ি বা স্মার্টফোনের অ্যালার্ম ব্যবহার করবেন। স্মার্টফোনটি অ্যালার্ম ঘড়ি হিসেবে ব্যবহার করতে হলে মাথার কাছাকাছি রাখা ভালো। তবে একটু দূরে রাখলে স্নুজ বাটনে চাপ দিতে হবে না।

২. দুপুরের পর বা বিকাল থেকে ক্যাফেইন খাওয়ার পরিমাণ নিয়ন্ত্রণে আনবেন। এক গবেষণায় বলা হয়, ৪০০ মিলিগ্রাম ক্যাফেইন খেলে ৬ ঘণ্টা পর তা ঘুমের সমস্যা করে। স্বাভাবিক আকারের এক কাপ কফিতেই এ পরিমাণ ক্যাফেইন থাকে। বিকাল ৫ টার আগে থেকেই কফি খাওয়া বন্ধ করা উচিত।

৩. সকালে নতুন ধরনের কিছু করার কর্মসূচি ঠিক করে রাখুন। যদি ঘুম থেকে ওঠার পর দাঁত মাজা ও গোসল করা একমাত্র কাজ হয়ে থাকে, তবে আলসেমে চলে আসবেই। যদিও এগুলো প্রতিদিনের নির্দিষ্ট কাজ। তবুও নতুন কিছু করার পরিকল্পনা রাখুন। এতে ঘুম থেকে ওঠার কারণ খুঁজে পাবেন।

৪. সবার মাথায় থাকে পরদিন সকালে ঘুম থেকে ওঠার জন্য অ্যালার্ম দিয়ে রাখা। কিন্তু রাতে সময়মতো ঘুম হলেই না সকালে ওঠা সহজ কাজ হবে। তাই বিশেষজ্ঞদের মতে, রাতে ঘুমাতে যাওয়ার ক্ষেত্রেও অ্যালার্ম দেয়া উচিত। অরশ্য অ্যালার্ম বাজার অর্থ এই নয় যে, দ্রুত ঘুমের পোশাক পড়তে হবে। এর মাধ্যমে সময়মতো ঘুমের অভ্যাস গড়ে উঠবে।

৫. রাতে বিছানায় শোয়ার পর তা যেন আনন্দময় হয়। অনেকে স্মার্টফোন নিয়ে ব্যস্ত হয়ে পড়েন। কিন্তু এতে ঘুমের বারোটা বাজে। তাই প্রার্থনাকে সর্বোত্তম বলে মনে করেন বিশেষজ্ঞরা। রাতে খাওয়ার পর কম্পিউটার ও স্মার্টফোন বন্ধ করে, দাঁত মেজে এবং ঘরের বাতি বন্ধ করে প্রার্থনা করতে পারেন।

৬. এমন কোনো প্রতিষ্ঠানে রেজিস্ট্রেশন করুন যার জন্য অনেক সকালে উঠতে হয়। ইয়োগা ক্লাস বা জিমনেশিয়ামে ভর্তি হতে পারেন। সাধারণত সকাল ৬টা বা ৭টার দিকে এসব কাজের জন্য উঠতেই হবে। স্বাস্থ্যচর্চাও হবে আবার সকাল সকাল দিনটাও শুরু করতে পারবেন।

৭. সকালে ঘুম থেকে ওঠাতে পরিবারের অন্য কোনো সদস্যকে দায়িত্ব দিন। অনেক অ্যালার্ম ঘড়ির শব্দেও উঠতে পারেন না। কিংবা অ্যালার্ম বন্ধ করে আবারো ঘুমিয়ে পড়েন। এ ক্ষেত্রে বাড়ির কোনো সদস্য আপনাকে উঠতে বাধ্য করবেন।

৮. অনেকের ডিজিটাল কফি মেকার রয়েছে। কফি যখন প্রস্তুত তখন তা হুইসেল দেয়। কপি প্রস্তুতের সময়ক্লাব ঠিকঠাক করে দেয়া যায়। যখন ঘুম থেকে উঠতে হবে, সে সময়টি কফি মেকারে নির্দিষ্ট করে দিন।

৯. নেটফ্লিক্স বা ইন্সটাগ্রাম বা টুইটার ব্যবহার রাতে ঘুমের আগের নেশা হয়ে গেছে অনেকের। ডিজিটাল পর্দায় ব্লু লাইট মস্তিষ্ককে উত্তেজিত করে দেয়। এতে ঘুম নষ্ট হয়। এই আলো দেহে মেলাটোনিন হরমোনের ক্ষরণ রোধ করে। এই হরমোন দেহকে প্রশান্তি আনে ও ঘুমের জন্যে প্রস্তুত করে।

১০. কুয়োরাতে আরেকেটা বুদ্ধি দিয়েছেন এক ব্যবহারকারী। বিছানায় ওঠার আগে এক গ্লাস পানি গিলে ফেলবেন। এতে ঠিক সকালে মূত্র ত্যাগের জন্যে উঠতেই হবে। ধরুন রাতে ৩০০ মিলিলিটার পানি খেয়ে বিছানায় গেলে ঠিক সকাল ৭ টায় ঘুম থেকে উঠতেই হবে।

মাথাব্যথা কমে যেসব খাবারে

জটিল থেকে সাধারণ অনেক কারণেই মাথাব্যথা হয়। কিছু খাবারে রয়েছে যেগুলো মাথাব্যথা কমাতে সাহায্য করে। দুধ মাথাব্যথা কমাতে বেশ সহায়ক। পানিশূন্যতার কারণে অনেক সময় মাথাব্যথা হয়। মাথাব্যথা কমাতে ননীবিহীন দুধ উপকার করে। শুধু তাই নয়, দুধে রয়েছে ক্যালসিয়াম ও পটাশিয়াম। ননীবিহীন দুধ রক্তচাপ নিয়ন্ত্রণেও কাজ করে। পালংশাকের মধ্যে রয়েছে রিবোফ্লাভিন। এটি মাথাব্যথা কমাতে কাজ করে। মাইগ্রেন বা ঠান্ডার কারণে মাথাব্যথা হলে কফি পান করুন। কফির ক্যাফেইন মাথাব্যথা থেকে দ্রুত মুক্তি দিতে সাহায্য করবে। মাথাব্যথা কমাতে চর্বিযুক্ত মাছও খেতে পারেন। ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড সমৃদ্ধ মাছ, ভিটামিন বি৬ ও বি১২ সমৃদ্ধ মাছ খেতে পারেন এই সময়। তরমুজ শরীরকে আর্দ্র রাখে। এ ফলে রয়েছে ম্যাগনেসিয়াম ও পটাশিয়াম। এতে শরীরের পুষ্টির চাহিদাও পূরণ হয়। মাথাব্যথা কমাতে কলা একটি ভালো খাবার। এর মধ্যে রয়েছে পটাশিয়াম ও ম্যাগনেশিয়াম। এটি শরীরে ইলেক্ট্রোলাইটের ভারসাম্য রক্ষা করে, মাথাব্যথা কমায়। কাঠবাদামের মধ্যে রয়েছে ম্যাগনেসিয়াম। এটি রক্তে শর্করার মাত্রা বজায় রাখে, মাথাব্যথা কমায়।

কটনবাড ব্যবহারে ক্ষতিই বেশি

কানের ময়লা বা ওয়াক্স পরিষ্কারের জন্য অনেকেই কটনবাড ব্যবহার করেন। তবে এতে সাময়িক স্বস্তিবোধ হলেও উপকারের চেয়ে ক্ষতিই বেশি হয়। ওয়াশিংটনের মাথা ও ঘাড় বিশেষজ্ঞ ফিটস জেরেল্ড বলেন, 'কটনবাড ব্যবহারজনিত কানের সমস্যা নিয়ে প্রতিদিনই অনেক রোগী আমাদের কাছে আসে। কানের ময়লা পরিষ্কার করতে হয় ভেবে মানুষ কটনবাড ব্যবহার করে। তবে কানের ময়লা এমনিতেই পরিষ্কার হয়ে যায়। বিশেষ কারণ ছাড়া আলাদাভাবে পরিষ্কার করার কোনো প্রয়োজন পড়ে না। প্রাকৃতিকভাবেই কানের ময়লা বেরিয়ে আসে।' কটনবাড ব্যবহারের কারণে বাইরের ময়লা পরিষ্কার হলেও ভেতরের ময়লা আরো বেশি ভেতরে প্রবেশ করে। আর এতে শ্রবণশক্তি নষ্ট হয়ে যেতে পারে বলে জানিয়েছেন জেরেল্ড। ম্যানহাটনের নিউইয়র্ক ওটোলজির পরিচালক ও এমডি সুজানা চন্দ্র শেখর জানান, কটনবাড ব্যবহারে লাভের চেয়ে ক্ষতিই বেশি হয়। এটি দীর্ঘমেয়াদি কানের ক্ষতি করে। এটি ব্যবহারের কারণে কানে সংক্রমণসহ ব্রণ, অস্বস্তি হতে পারে। এ ছাড়া ফাঙ্গাস সংক্রমণও হয় দীর্ঘমেয়াদি ব্যবহার করলে। তাই কান পরিষ্কারে কটন বাডের কোনো প্রয়োজন নেই জানিয়ে দ্রুত এটি ব্যবহার বন্ধ করার পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা।

বেশি ঘুমালে হৃদরোগ হয়

ছয় ঘণ্টার কম ঘুমালে শরীরে বিভিন্ন সমস্যা দেখা দিতে পারে। কিন্তু নতুন একটি গবেষণায় দেখা গেছে, ১০ ঘণ্টার বেশি ঘুমালে ভবিষ্যতে হৃদরোগের ঝুঁকি বাড়তে পারে। যারা ছয় ঘণ্টার কম অথবা ১০ ঘণ্টার বেশি ঘুমায় তাদের ভবিষ্যতে বড় ধরনের শারীরিক ও মানসিক সমস্যা দেখা দিতে পারে। আবার একেবারে কম অথবা অতিরিক্ত ঘুমের কারণে হৃদরোগের ঝুঁকিসহ ডায়াবেটিস, মেদ বেড়ে যাওয়া ও শরীর দুর্বল হয়ে পড়তে পারে। তবে সাত থেকে ৯ ঘণ্টা ঘুমানো একজন মানুষের শরীর সুস্থ রাখার জন্য যথেষ্ট।

ভাত নাকি রুটি কোনটা ভালো?

আমাদের প্রিয় খাবার ভাত আর মাছের ঝোল। কেউ কেউ ভাত খেতে এত ভালোবাসেন যে পারলে তিন বেলাই ভাত খান। তবে কেউ কেউ আবার ভাত খেতে একেবারেই ভালোবাসেন না বলে রুটিকেই প্রধান খাবার হিসেবে বেছে নিয়েছেন। কিন্তু এ দুটোর মধ্যে কোনটা বেশি উপকারী? ৩০ গ্রাম ভাতে কার্বোহাইড্রেট থাকে ২৩ গ্রাম। আর ৩০ গ্রাম আটার রুটিতে কার্বোহাইড্রেট থাকে ২২ গ্রাম। প্রোটিন ভাতে রয়েছে দুই গ্রাম, আটার রুটিতে তিন গ্রাম। ফ্যাট ভাতে রয়েছে শূন্য দশমিক এক গ্রাম, আটার রুটিতে শূন্য দশমিক পাঁচ গ্রাম। ফাইবার ভাতে রয়েছে শূন্য দশমিক এক গ্রাম, আটার রুটিতে শূন্য দশমিক সাত গ্রাম। আয়রন ভাতে রয়েছে শূন্য দশমিক দুই মিলিগ্রাম, রুটিতে দেড় মিলিগ্রাম। একই পরিমাণ ভাতে ক্যালসিয়াম থাকে তিন মিলিগ্রাম, আটার রুটিতে ১২ মিলিগ্রাম। এনার্জি ভাতে রয়েছে একশ ক্যালরি, আটার রুটিতেও একশ ক্যালরি। ভাত ও রুটি দুটিতেই আছে প্রচুর ফলেট যা নতুন কোষ গঠনে সাহায্য করে এবং রক্তে অক্সিজেন সরবরাহ করে। শিশুর জন্মগত ত্রুটি ঠেকাতেও কার্যকর। সেই কারণে অন্তঃসত্ত্বাদের রুটির চেয়ে ভাত খাওয়া বেশি ভালো। রুটি ও ভাতে আয়রনের পরিমাণ সমান হলেও ফসফরাস, ম্যাগনেসিয়াম ও পটাশিয়ামের পরিমাণ রুটির তুলনায় ভাতে কম। সব মিলিয়ে ভাত, রুটি দুটোতেই রয়েছে উপকার। দুটি খাবারই শরীরের কোনো না কোনো প্রয়োজন পূরণ করে।

ক্যান্সার ও ডায়াবেটিস ঠেকাবে যে সবজি

তেতো স্বাদের জন্য করলা অনেকেরই বেশ অপছন্দ। তবে স্বাদ তেতো হলেও সবজিটি বেশ স্বাস্থ্যকর। করলা ডায়াবেটিসের সঙ্গে লড়াই করে, ক্যান্সার প্রতিরোধেও কাজ করে। সম্প্রতি বেশ কয়েকটি গবেষণায় বলা হয়েছে, করলা কিছু কিছু ক্যান্সার প্রতিরোধে বেশ চমৎকারভাবে কাজ করে। সেন্ট লুইস ইউনিভার্সিটি ক্যান্সার সেন্টারের গবেষকদের মতে, করলার মধ্যে রয়েছে শক্তিশালী ক্যান্সাররোধী উপাদান। করলা ক্যান্সার কোষকে ধ্বংস এবং ক্যান্সার কোষের বৃদ্ধি প্রতিরোধ করে। আরেকটি গবেষণায় ইউনিভার্সিটি অব কলরাডো সেন্টারের একদল গবেষক বলেন, করলার জুস ক্যান্সারের চিকিৎসা কেমোথেরাপির পার্শ্বপ্রতিক্রিয়া কমাতেও কাজ করে এবং টিউমারের বৃদ্ধির গতি ধীর করে। করলার মধ্যে থাকা গ্লাইকোপ্রোটিন ল্যাকটিন লিভার, প্রোস্টেট, কোলন, ফুসফুস, রক্তের ক্যান্সার প্রতিরোধ করতে কাজ করে। এ ছাড়া করলা রোগ প্রতিরোধক্ষমতা বাড়াতেও বেশ কাজ করে। তাই নিয়মিত করলা খাওয়ার পরামর্শ দেন পুষ্টিবিদরা।

হৃদরোগের আশঙ্কা বাড়ায় চিনি

চিনি খেতে কে না ভালোবাসে। কিন্তু এই চিনিই শরীরের জন্য হাজারো বিপদ ডেকে আনতে পারে। তাই চিনি খাওয়ার আগে একটু ভাবুন। নিজের অজান্তে নিজের ক্ষতিই ডেকে আনছেন না তো? চিনি না হলে খাবারের স্বাদই আসে না। কিন্তু এই চিনিতেই রয়েছে হাজারো বিপদ। রক্তচাপ বৃদ্ধিসহ হৃদরোগের আশঙ্কা বাড়িয়ে দেয় চিনি। অকাল বার্ধক্য টেনে আনতে সাহায্য করে চিনি। বেশি খেলে অল্প বয়সেই বুড়িয়ে যাওয়ার আশঙ্কা থাকে। চিনি দৃষ্টিশক্তি কমিয়ে দেয়। স্থূলতার কারণ হতে পারে বেশি চিনি খাওয়ার অভ্যাস। চিনি রক্তে ভিটামিন ই'র মাত্রা কমিয়ে দেয়। ব্যাকটেরিয়াজাত সংক্রামক রোগের বিরুদ্ধে শরীরে যে স্বাভাবিক প্রতিরোধ কৌশল তা অনেকাংশে কমিয়ে দেয়। চিনি খাদ্যের প্রোটিন শোষণে বাধার সৃষ্টি করে। চিনি চোখে ছানি পড়া ত্বরান্বিত করে। অতিরিক্ত চিনি খাওয়ার অভ্যাস মেজাজ খিটখিটে করে দেয়। চিনি ইমিউন সিস্টেমকে অবদমিত করে রাখে। বিভিন্ন এনজাইমের

পরিপাক ক্ষমতা কমিয়ে দেয়। বাড়তি চিনি পারকিনসন্স রোগের প্রকোপ বাড়িয়ে দেয়। চিনি বেশি খেলে এক সময় তা অ্যালকোহল আসক্তির দিকেও টেনে নিয়ে যেতে পারে। তাই চিনি থেকে যতটা সম্ভব দূরে থাকুন।

টুথপেস্টের নানাবিধ ব্যবহার

টুথপেস্ট ছাড়া আমাদের একদিনও চলে না। প্রতিদিন সকালে ঘুম ভাঙ্গার পর ও রাতে ঘুমাতে যাওয়ার আগে টুথপেস্ট ব্যবহার নিত্যনৈমত্তিক ব্যাপার। দাঁতের সুরক্ষায় দিনে দুইবার এর ব্যবহারের পরামর্শ দেন চিকিৎসকরা। শুধু দাঁতকেই সুরক্ষা নয়, অন্যান্য কিছু কাজেও টুথপেস্টের ব্যবহারে খুব ভালো ফল পাওয়া যায়। এমনকি বিভিন্ন সমস্যায় তাৎক্ষণিক চিকিৎসার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে টুথপেস্ট।

☆ **পোড়ার জ্বালাতন কমায় টুথপেস্ট :** আগুনে বা ইস্ত্রিতে লেগে হাত পুড়ে গেলে দ্রুত সেখানে টুথপেস্ট লাগিয়ে নিন। এটি রান্নাঘরে ফার্স্ট এইড হিসেবে রেখে দিতে পারেন। সারা রাত পোড়া অংশে পেস্ট লাগিয়ে রাখলে তা শিগগিরই ভালো হয়ে যায়। এমনকি কালো দাগও পড়ে না।

☆ **পোকা-মাকড়ের কামড়ে শান্তিতে টুথপেস্ট** পোকা-মাকড়ের কামড়ে জ্বালা-পোড়া কমাতে তাৎক্ষণিক টুথপেস্ট দারুণ কাজ দেয়। টুথপেস্ট ব্যবহার করে মশার যন্ত্রণা থেকেও মুক্তি পাওয়া যায়।

☆ **নখ পরিষ্কার :** দাঁত মাজার সময় নখে একটু পেস্ট নিয়ে ঘষা-মাজা করুন। এতে নখগুলো আগের চেয়ে অনেক বেশি চকচক করবে এবং এর স্বাস্থ্যও ভালো থাকবে।

☆ **ইস্ত্রির ধাতুর কালো দাগ তুলতে:** আয়রন করার সময় পানি ব্যবহারের কারণে এর ফোকরগুলোতে কালো দাগ পড়ে যায়। টুথপেস্টে সিলিকা থাকে। তাই এটি দিয়ে আয়রনের ধাতব পাতে ঘসলে এটি চকচকে হয়ে যায়।

☆ **আসবাবের দাগ তুলতে :** পানি বা পানীয়ের দাগ থেকে শুরু করে যেকোনো দাগ আসবাবের সৌন্দর্য নষ্ট করে। এসব স্থানে টুথপেস্ট লাগিয়ে শুকনো কিছু দিয়ে ঘষুন। এরপর শুকালে মুছে ফেলুন। দাগ উঠে যাবে।

☆ **চুল গোছাতে** চুলের জেলের মতো পদার্থ রয়েছে টুথপেস্টে। একে বলে ওয়াটার সল্যুবল পলিমার। এলোমেলো চুল গুছিয়ে নিতে যেভাবে জেল ব্যবহার করি, সেভাবেই পেস্ট ব্যবহার করে চুল পরিপাটি করে নিতে পারবেন।

☆ **গহনা পরিষ্কার রাখা :** টুথপেস্ট দিয়ে ধুয়ে নিলে স্বর্ণ, রূপা, হীরা ও জহরত ইত্যাদি চকচকে হয়ে যায়। ময়লা হওয়া গহনাগুলো সারারাত পেস্টের পানিতে ভিজিয়ে রাখুন। তারপর সকালে উঠে হালকাভাবে পরিষ্কার করে নিন। তবে মুক্ত পরিষ্কার করার ক্ষেত্রে টুথপেস্ট ব্যবহার না করাই ভালো।

☆ **কাপড়ের কালচে দাগ দূর করে টুথপেস্ট :** কার্পেটে দীর্ঘদিনের কালচে দাগ পড়লে পানি আর পেস্ট দিয়ে দাগের জায়গাটি ঘষে নিন। এরপর ব্রাশ দিয়ে ঘষুন। দেখবেন দাগ উঠে গিয়ে পরিষ্কার হয়ে যাবে। যেকোনো কাপড়ের দাগও পেস্ট দিয়ে দূর করা সম্ভব।

☆ **গোসলের পানি ফেনিল করতে :** বাথটবে গোসলের পানিতে ফেনিল করতে টুথপেস্ট ব্যবহার করা যায়। হাতে পেস্ট নিয়ে পানিতে দুই হাত ঘষাঘষি করলেই ফেনিল হয়ে যাবে। এতে চোখ জ্বলে না।

কিডনি নষ্টের ১০টি অনিয়ম

১. প্রস্রাব আটকে রাখা
২. পর্যাপ্ত পানি পান না করা
৩. অতিরিক্ত লবণ খাওয়া
৪. যেকোন সংক্রমণের দ্রুত চিকিৎসা না করা
৫. মাংস বেশি খাওয়া
৬. প্রয়োজনের তুলনায় কম খাওয়া
৭. অপরিমিত ব্যথার ওষুধ সেবন
৮. ওষুধ সেবনে অনিয়ম
৯. অতিরিক্ত মদ খাওয়া
১০. পর্যাপ্ত বিশ্রাম না নেওয়া

সুস্থভাবে বাঁচতে চাইলে মানতে হবে

১. ভোরে ঘুম থেকে উঠুন, হাঁটতে বের হবেন
২. দয়া করে সোজা হয়ে বসার অভ্যাস করুন
৩. ভালো করে চিবিয়ে খাবার খান
৪. তৈলাক্ত ও মিষ্টি খাবারকে "না" বলুন
৫. নিজের গাড়ি থাকলেও হেঁটে চলুন
৬. সবুজ সবজি আর ফলমূল হোক নিত্যসঙ্গী
৭. ঘরের কাজ নিজেই করুন
৮. কাজ নিয়ে ব্যস্ত থাকুন
৯. রাতে শোয়ার সময় ঢিলেঢালা পোষাক পরিধান করুন
১০. ক্রোধ সংবরণ করুন
১১. কথা বার্তায় সংযমী হোন
১২. কাজ জমিয়ে রাখবেন না
১৩. দয়া করে মানুষকে বিশ্বাস করতে শিখুন
১৪. সৎ চিন্তা করুন, অহংকার ঝেড়ে ফেলুন
১৫. অন্যায়কে "না" বলতে শিখুন

BANGLADESH
এর পূর্ণ অর্থ জেনে নিন

B = Blood (রক্তে)
A = Achieve (অর্জিত)
N = Noteworthy (স্মরণীয়)
G = Golden (সোনালী)
L = Land (ভূমি)
A = Admirable (প্রশংসিত)
D = Democratic (গণতান্ত্রিক)
E = Evergreen (চিরসবুজ)
S = Sacred (পবিত্র)
H = Habitation (বাসভূমি)
BANGLADESH এর অর্থ হলো "রক্তে অর্জিত স্মরণীয় সোনালী ভূমি, প্রশংসিত গণতান্ত্রিক চিরসবুজ পবিত্র বাসভূমি।"

সংগ্রহে রাখুন কাজে আসবে
(কবি = জন্ম-মৃত্যু)

- ঈশ্বরচন্দ্র = ১৮২০-১৮৯১
- মাইকেল = ১৮২৪-১৮৭৩
- বঙ্কিমচন্দ্র = ১৮৩৮-১৮৯৪
- মশাররফ = ১৮৪৭-১৯১১
- রবীন্দ্রনাথ = ১৮৬১-১৯৪১
- শরৎচন্দ্র = ১৮৭৬-১৯৩৮
- রোকেয়া = ১৮৮০-১৯৩২
- শহীদুল্লাহ = ১৮৮৫-১৯৬৯
- তারাশঙ্কর = ১৮৯৮-১৯৭১
- নজরুল = ১৮৯৯-১৯৭৬
- জীবনানন্দ = ১৮৯৯-১৯৫৪
- জসীমউদ্দীন = ১৯০৩-১৯৭৬
- মানিক = ১৯০৮-১৯৫৬
- সুফিয়া = ১৯১১-১৯৯৯
- আহসান = ১৯১৭-১৯৮৫
- শওকত = ১৯১৭-১৯৯৮
- ফররুখ = ১৯১৮-১৯৭৪
- আবু জাফর = ১৯১৯-১৯৮৮
- ওয়ালীউল্লাহ = ১৯২২-১৯৭১
- মুনীর = ১৯২৫-১৯৭১
- সুকান্ত = ১৯২৬-১৯৪৭
- রোমেনা = ১৯২৬-২০০৩
- শামসুর = ১৯২৯-২০০৬
- জহির = ১৯৩৫-১৯৭২
- সৈয়দ শামসুল = ১৯৩৫-২০১৬
- আখতারুজ্জামান = ১৯৪৩-১৯৯৭
- হুমায়ুন = ১৯৪৮-২০১২
- প্রমথ = ১৯৬৮-১৯৪৬

সন্তানের উপর বাবা মায়ের সর্বমোট ১৪টি হকের কথা মুসলমান সন্তান হিসেবে এখনই জেনে নিন।

☆ জীবিত অবস্থায় ৭টি হক:

১. আজমত অর্থাৎ পিতা-মাতার প্রতি শ্রদ্ধাশীল হওয়া।
২. মনে-প্রাণে ভালোবাসা।
৩. সর্বদা তাদেরকে মেনে চলা।
৪. তাদের খেদমত করা।
৫. তাদের প্রয়োজন পূর্ণ করা।
৬. তাদেরকে সবসময় সুখে শান্তিতে রাখার চেষ্টা করা।
৭. নিয়মিত তাদের সাথে সাক্ষাত ও দেখাশোনা করা।

☆ মৃত্যুর পর ৭টি হকঃ

১. তাদের মাগফেরাত এর জন্য দোয়া করা।
২. সওয়াব পৌঁছানো।
৩. তাদের সাথী সঙ্গী ও আত্মীয় স্বজনদের সম্মান করা।
৪. সাথী-সঙ্গী ও আত্মীয় স্বজনদের সাহায্য করা।
৫. ঋণ পরিশোধ ও আমানত আদায় করা।
৬. শরীয়ত সম্মত ওসিয়ত পূর্ণ করা।
৭. সাধ্যমত তাদের কবর জিয়ারত করা।

English Verbs of Body Movement